

প্রতিবাদ সমাবেশে মাদ্রাসা বোর্ডের  
কর্মকর্তা-কর্মচারীবৃন্দ

এবতেদায়ী মাদ্রাসার বিনামূল্যের  
বইয়ের জন্য এনসিটিবি'র  
টাকা দাবী অযৌক্তিক

স্টাফ রিপোর্টার : এবতেদায়ী মাদ্রাসার  
বিনামূল্যের বইয়ের জন্য মাদ্রাসা বোর্ডের  
কাছে জাতীয় টেক্সটবুক বোর্ডের  
(এনসিটিবি) ১৬ কোটি ১৫ লাখ টাকার  
দাবীকে অযৌক্তিক বলে আখ্যায়িত  
করেছেন মাদ্রাসা শিক্ষা বোর্ডের কর্মকর্তা-  
কর্মচারীগণ। এনসিটিবি'র এই দাবীর  
৭-এর পৃঃ ৪-এর কঃ দেখুন



ইনকিলাব ১ এবতেদায়ী মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে বই বিতরণের  
জন্য বই ছাপাতে পাঠ্যপুস্তক বোর্ড মাদ্রাসা বোর্ডের নিকট ১৬ কোটি ১৫ লাখ  
টাকা চাওয়ার প্রতিবাদে মাদ্রাসা বোর্ডের কর্মকর্তা ও কর্মচারীরা গতকাল  
মাদ্রাসা প্রাঙ্গণে বিক্ষোভ প্রদর্শন করে।

**মাদ্রাসার বই** ৮-এর পৃষ্ঠার পর  
প্রতিবাদে তারা গতকাল মাদ্রাসা বোর্ড  
অঙ্গনে মিছিল ও সমাবেশ করেছেন।  
সমাবেশে বক্তরা বলেন, প্রাইমারি স্কুলের  
ছাত্র-ছাত্রীদের বই ছাপানোর জন্য  
প্রয়োজনীয় অর্থ এনসিটিবি ফান্ড থেকেই  
বহন করা হয়। অথচ এবতেদায়ী মাদ্রাসার  
ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে বই দিতে মাদ্রাসা  
বোর্ডের নিকট এই বিপুল অর্থ দাবী করা  
হচ্ছে। এটা বিমাতাসুলভ আচরণ।  
সমাবেশে বক্তরা বলেন, এবতেদায়ী  
মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে বই  
বিতরণের লক্ষ্যে বই ছাপাতে মাদ্রাসা  
বোর্ডের নিকট এনসিটিবি'র টাকা দাবী  
সম্পূর্ণ অযৌক্তিক। এর ফলে আগামী  
শিক্ষাবর্ষে এবতেদায়ী মাদ্রাসার ছাত্র-  
ছাত্রীদের বিনামূল্যে বই প্রদানের  
স্বপ্নমন্ত্রীর যোগা বাস্তবায়ন হবে না।